

২০১৫

বাংলা

(নূতন পাঠক্রম)

(সাম্মানিক)

দ্বিতীয় পত্র

পূর্ণমান : ৯০

সময় : ৪ ঘন্টা

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

বিভাগ—ক

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১৫ x ২

- ১। বাংলা ভাষায় ব্যবহৃত সর্বনাম পদগুলি প্রধানত কয় প্রকার ?
উদাহরণ সহযোগে প্রতিটি প্রকারের পরিচয় দাও । ১৫
- ২। বাংলা শব্দ ভাণ্ডারের অন্তর্গত বিভিন্ন শ্রেণীর শব্দের উদাহরণসহ পরিচয় বিবৃত করো । ১৫

৩। বাংলা সাধুগদ্য ও চলিত গদ্যের বৈশিষ্ট্যগুলি লেখো। এই দুই গদ্যরীতির পার্থক্য মন্বন্ধে আলোচনা করো। ৯ + ৬

৪। উপভাষা কাকে বলে? বাঢ়ী উপভাষার ধ্বনিতাত্ত্বিক ও রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহ লেখো। ৩ + ১২

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫ × ২

৫। বাংলা ব্যাকরণ চর্চার ইতিহাসে সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের ভূমিকা সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫

৬। ধ্বনি পরিবর্তনের দুটি সূত্র উদাহরণ সহ আলোচনা করো। ৫

৭। ইন্দো-ইউরোপীয় ভাষা থেকে বাংলা ভাষার উদ্ভবক্রমটি রেখাচিত্রের সাহায্যে বিবৃত করো। ৫

৮। টীকা লেখো : লোকনিরুক্তি, জোড়কলম শব্দ। $২ \frac{১}{২} + ২ \frac{১}{২}$

বিভাগ — খ

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ২

৯। মহাকাব্যের সংজ্ঞা দাও। এর লক্ষণগুলি কি কি? আদি মহাকাব্য ও সাহিত্যিক মহাকাব্যের পার্থক্য উদাহরণ সহ লেখো। ২ + ৫ + ৩

- ১০। আঞ্চলিক উপন্যাস কাকে বলে ? এই জাতীয় উপন্যাসের বৈশিষ্ট্যগুলি কি কি ? ইংরেজী ও বাংলা ভাষায় লিখিত দুটি করে আঞ্চলিক উপন্যাসের নাম লেখো । $২ + ৬ + ২$
- ১১। ছোটগল্পের একটি গ্রহণযোগ্য সংজ্ঞা দিয়ে এর বৈশিষ্ট্য আলোচনা করো । বাংলা ভাষার চারজন গুরুত্বপূর্ণ ছোটগল্পকারের নাম লেখো । $৮ + ২$
- ১২। টীকা লেখো : ওড, একাক্ষ নাটক । $৫ + ৫$

বিভাগ — গ

যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০×১

- ১৩। অক্ষরবৃত্ত ছন্দের সংজ্ঞা দাও । এই ছন্দের বৈশিষ্ট্যগুলি উদাহরণ সহ লেখো । $২ + ৮$
- ১৪। মুক্তক বা মুক্তবন্ধ ছন্দের সংজ্ঞা ও বৈশিষ্ট্য সম্পর্কে উদাহরণ সহ আলোচনা করো । $২ + ৮$
- ১৫। যে কোন একটি উদ্ধৃতির ছন্দোলিপি প্রণয়ন করো : ৫×১

(অ) আমি তখন রক্ত মেখে যেমে
বলছি এসে, লড়াই গেছে থেমে ।
তুমি তখন পালকি থেকে নেমে
চুমো খেয়ে নিচ্ছ আমায় কোলে ।

(আ) বিদেশকে আজ ডাকো রৌদ্রের ভোজে
 মুঠো মুঠো দাও কোষাগার ভরা সোনা ।
 প্রান্তর বন বলমল করে রোদে
 কি মধুর আহা রৌদ্রে প্রহর গোনা ।

বিভাগ — ঘ

যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও : ১০ × ১

১৬। রূপক অলঙ্কার কাকে বলে ? উদাহরণ সহ এই অলঙ্কারের
 বিভিন্ন শ্রেণী সম্পর্কে আলোচনা করো। ১০

১৭। টীকা লেখো : বক্রোক্তি, ব্যাজস্ততি, বিষম, অপভ্রুতি । $২ \frac{১}{২} \times ৪$

১৮। যে কোনো একটি অলঙ্কার নির্ণয় করো : ৫

(অ) অরসজ্ঞ কাক চুষে জ্ঞান নিশ্বফলে ।
 রসজ্ঞ কোকিল খায় প্রেমাস্রমুকুলে ॥

(আ) ভবিষ্যতের লক্ষ আশা মোদের মাঝে সস্তরে,
 ঘুমিয়ে আছে শিশুর পিতা সব শিশুদের অন্তরে ।